

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪০৯৬(আগরতলা-০৯।০২)

কুমারঘাট, ৯ ফেব্রুয়ারি, ২০১৯

কুমারঘাটে উনকোটি জেলাভিত্তিক
কৃষি মেলা শুরু ১২ ফেব্রুয়ারি

কৃষি প্রযুক্তি সঞ্চালক সংস্থার উদ্যোগে আগামী ১২-১৪ ফেব্রুয়ারি কুমারঘাট মহকুমার গকুলনগর মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে উনকোটি জেলাভিত্তিক কৃষি মেলা-২০১৯। তিনদিন ব্যাপী মেলায় সজ্জি ও জৈব কৃষিজ ফসল প্রদর্শনী ও প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এছাড়া মেলায় কৃষক-কৃষি বিজ্ঞানীদের মধ্যে মত বিনিময় পর্ব, কৃষকদের আয় দ্বিগুণ করার উপর আলোচনাচক্র, মাটি ও জল পরীক্ষা এবং ফসল, মৎস্য ও পশু চিকিৎসা শিবিরেরও আয়োজন করা হয়েছে। মেলায় প্রতিদিন সন্ধ্যায় আয়োজিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠান।

১২ ফেব্রুয়ারি বিকেলে উনকোটি জেলাভিত্তিক কৃষি মেলার উদ্বোধন করবেন কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের মন্ত্রী প্রণজিৎ সিংহরায়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সমাজকল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী সান্ত্বনা চাকমা। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিধায়ক ভগবান দাস, বিধায়ক সুধাংশু দাস, বিধায়ক তপন চক্রবর্তী, বিধায়ক মবস্বর আলি, কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের অধিকর্তা ড. দেবপ্রসাদ সরকার, মেঘালয় উমিয়াম আই সি এ আর-এর আটারির (এ টি এ আর আই)-র অধিকর্তা বিদ্যুৎ সি ডেকা, উদ্যান ও ভূমি সংরক্ষণ বিভাগের অধিকর্তা অরুণ দেববর্মা এবং উনকোটীর জেলাশাসক রবীন্দ্র রিয়াং। প্রতিদিন বিকেল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত মেলা চলবে। কৃষি প্রযুক্তি সঞ্চালক সংস্থার উনকোটি জেলার প্রকল্প অধিকর্তা রতিশ মালাকার এই সংবাদ জানিয়েছেন।
